

প্রথম আলো

তারিখ .. ০৪ .. APR .. ২০১৪ ..
পৃষ্ঠা .. ৪ .. ০

জাতীয় বিশ্ববিদ্যালয়
পাঠ্যসূচিতে 'স্বাধীন
বাংলাদেশের
অভ্যুদয়ের ইতিহাস'

গাজীপুর প্রতিনিধি-৯

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান) প্রথম বর্ষের সব বিভাগের শিক্ষার্থীদের পাঠ্যসূচিতে 'স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস' নামের একটি আবশ্যিক কোর্স অন্তর্ভুক্ত করা হয়েছে। এটি ২০১৩-১৪ শিক্ষাবর্ষ থেকেই এর পাঠদান শুরু হবে।

গতকাল সোমবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের তথ্য, জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মো. ফয়সুল করিম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, আলোচ্য কোর্সটির গুরুত্ব বিবেচনায়, রেখে অধিকৃত সব কক্ষে ইতিহাস বিষয়ে শিক্ষক নিয়োগ দেওয়ার বিষয়টি অগ্রাধিকার দেওয়া হবে।